

০৪. Repol)

ঢাবিতে ভর্তির আগেই ১০ মাসের সেশনজট

খ' ইউনিটের ভর্তি পরীক্ষা ১৫ ফেব্রুয়ারি পুনঃনির্ধারণ

শাইনুর রহমান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রবেশের আগেই দশ মাসের সেশনজটের কবলে পড়তে হচ্ছে ভর্তিচ্ছিক শিক্ষার্থীদের। গত নভেম্বর মাসে ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শুরু হলেও এখন পর্যন্ত তা শেষ হয়নি। এরমধ্যে গতকাল শনিবার বিশ্ববিদ্যালয় ডিনস কমিটির সভায় কলা অনুষদভূক্ত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা আরেক দফা পিছিয়ে ১৫ ফেব্রুয়ারি নির্ধারণ করা হয়েছে। যথা সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ায় ইতিমধ্যে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মাঝে ক্ষোভ ও হতাশা সৃষ্টি হয়েছে।

প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে চারটি ইউনিটের মাধ্যমে অনার্স প্রথম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। বিশ্ববিদ্যালয়ে প্রতিটি বিভাগে নতুন ছাত্র-ছাত্রী ভর্তির আগে থেকে ছয় মাসের সেশন জট রয়েছে। কর্তৃপক্ষ বার বার চেষ্টা করেও সেশনজটের সমস্যা সমাধান করতে পারেনি। চলতি ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার ফরম বিক্রি শুরু হয় গত বছরের ৪ নভেম্বর থেকে। অষ্টোবরে ভর্তি কমিটির সভায় ৩০ নভেম্বর বাণিজ্য অনুষদভূক্ত 'গ' ইউনিট, ৭ ডিসেম্বর বিজ্ঞান অনুষদভূক্ত 'ক' ইউনিট, ২৮ ডিসেম্বর কলা অনুষদভূক্ত 'খ' ইউনিট এবং ৪ জানুয়ারি বিভাগ পরিবর্তনকারী 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারিত হয়। ইতিমধ্যে নির্ধারিত সময় অনুযায়ী 'গ ও ক' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কিন্তু বিভিন্ন কারণে খ ও ঘ ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করে যথাক্রমে ১১ ও ১৮ জানুয়ারি নির্ধারণ করা হয়। কারাবাধি ছাত্র-শিক্ষকের মুক্তির ইস্যুতে ক্যাম্পাসে আন্দোলনের ফলে খ ও ঘ ইউনিটের পরীক্ষা আবার পিছিয়ে ১ ও ৮ ফেব্রুয়ারি ঘোষণা করা হয়। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের ডিনস অধ্যাপক ড. এসএমএ ফায়েজের সভাপতিত্বে অনুষ্ঠিত ডিনস কমিটির সভায় 'খ' ইউনিটের পরীক্ষার তারিখ পরিবর্তন করে ১৫ ফেব্রুয়ারি নির্ধারণ করা হয়। তবে 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ অপরিবর্তিত রয়েছে।

২০০৬-০৭ সেশন থেকে বিশ্ববিদ্যালয়ে সেকিটার সিস্টেম চালু করা হয়েছে। এ পদ্ধতি

অনুযায়ী ১ জানুয়ারি থেকে ক্লাস শুরু হওয়ার কথা। ডিসেম্বরের মধ্যেই ভর্তি পরীক্ষা শেষ করার নিয়ম চালু করা হয়। যোষিত সময়ে ভর্তি

সেশন না হওয়ায় নতুন করে ৪ মাসের সেশনজট সৃষ্টি হয়েছে। সকল ইউনিটের ভর্তি কার্যক্রম শেষ করে

এপ্রিলের আগে ক্লাস শুরু করা সম্ভব নয় বলে শিক্ষকরা জানিয়েছেন। বার বার ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তনের কারণে সব ক্ষিপ্রিয়ে নবীন শিক্ষার্থীদের দশ মাসের সেশনজট কাঁধে নিয়ে ক্লাস শুরু করতে হচ্ছে। এ সম্পর্কে ভর্তিচ্ছিক শিক্ষার্থী মইনুজ্জাহ বলেন, সাত মাস ধরে ভর্তি পরীক্ষার প্রত্যাশা নিয়েছি। বার বার পরীক্ষা পিছানোর কারণে পড়াশোনায় অসুবিধা হচ্ছে। নির্দিষ্ট সময়ে পরীক্ষা হলে ভালো হতো। বিশ্ববিদ্যালয়ের ডিনস অধ্যাপক ড. এসএমএ ফায়েজ বলেন, ক্যাম্পাসে জটিলতার কারণে যথা সময়ে ভর্তি পরীক্ষা নেয়া সম্ভব হয়নি। বর্তমানে সমস্যা কেটে গেছে। আশা করি নতুন তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।